

পর্বঃ৮

যে দিন কমলাক্ষের সংজ্ঞা তার দেখা,সেদিনও ছিল আজকের মতো অব্যাহত বৃষ্টি।বর্ষাতি গায়ে মাথায় রঞ্জীন ছাতা ধরে কলেজে হেটে যাচ্ছিল একা।নারায়নগঞ্জ সিভিল হস্পিটালের বাস স্টেন্ডে নেমে আঁকা বাঁকা পথে কিছুটা হেঁটে তারপর কলেজের মেন গেট।বৃষ্টির ছন্দে,গুনগুনিয়ে চলছিল,প্রকৃতির বর্ষণের রূপ,তার ঘনঘটা,পাইন গাছের সারি,বুনো ফুলের গন্ধ,পথের পাশে ফার্ণের কচি সর্পিল পাতা দেখে সে হেঁটে চলেছে আপন মনে।

‘হ্যায়, হাউ আর ইউ?’

চমকে উঠল পল্লবী।সামনে একজন পুরুষ,ওকেই বলছে।

‘মাই নেম ইজ কমল,কমলাক্ষ।আই এম এ ফৌজী,ষ্টে হিয়ার নিয়ার বাই ইউর কলেজ নিয়ার গ্যারিসন ফিল্ড।’

পল্লবী দেখেছে কলেজের বাঁপাশে উচু দেয়ালে ঘেরা আর্মির লোকেদের কোয়ার্টার।ফেমিলি নিয়ে থাকে,কিন্তু সাধারণ লোকের সংগে ওরা মেশেনা খুব একটা।ওরা সব অবাঙালী ,বাংলাদেশের বিভিন্ন জেলার লোক,আঞ্চলিক ভাষায় কথা বলে।

‘আমি পল্লবী, এই কলেজে পড়ি,’।হাত তুলে লেডি কীন কলেজটা দেখিয়ে দিল।

‘আমি বিশুদ্ধ বাংলা বলতে পারি।তোমাকে রোজ দেখি।গেটের ভিতর তুমি ঢুকে পড়লে আমি চলে যাই।এই রাস্তায় তোমাকে দেখি প্রজাপতির মতো উড়ে চল,একটি চঞ্চল প্রানবন্ত তিতলী তুমি,আমার খুব ভালো লাগে। চল গেট পর্যন্তএগিয়ে দেই।আমি নেত্রকোনা জেলার ছেলে,আর্মিতে ঢুকেছি চারবছর হলো।প্রথম পোষ্টিং নারায়নগঞ্জে।